মেহেরপুরে রয়েল এক্সপ্রেস পরিবহন থেকে ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের হাইওয়ে থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহন এর পিছন বক্সের ভিতরে চটের বস্তার ভিতর পেটি করা অবস্থায় ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার রাতে মেহেরপুর সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান এর নির্দেশক্রমে এই অভিযান পরিচালনা করেন সদর থানার এস আই ইকবাল।

এসময় সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান বলেন, আমাদের কাছে সংবাদ আসে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ মোড় থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহনে করে ফেন্সিডিল যাচ্ছে ঢাকায়। তারই সূত্র ধরে আমরা বন্দর গ্রামের হাইওয়েতে চেকপোস্ট বসিয়ে গাড়িটি আটকায় এবং ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করি।

তিনি আরও বলেন, এর সাথে যারা জড়িতো আছে তাদের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই কহিতুর, কনস্টেবল জামিরুল, হাবিব প্রমুখ।

সততার পুরষ্কার আমি পাবো- বোরহান উদ্দিন

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে।

কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার

নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। এ পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক মর্তুজা ফারুক রুপক। সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নেওয়ার ব্যাপারে কি ভাবছেন?

বোরহান উদ্দিন: আমি মনে করি আমঝুপি ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান হিসেবে অত্যন্ত সৎ ও নিষ্ঠার সাথে আমি দায়িত্ব পালন করে আসছি। বিতর্কিত কোন কাজ আমি করিনি। তারপরও দলীয় সিদ্ধান্ত আমার কাছে বড় বিষয়। আমার প্রাণের সংগঠন আওয়ামী লীগ যদি চায় আমি আবারও ইউপি নির্বাচনে অংশ গ্রহন করবো।

মেহেরপুর প্রতিদিন: আওয়ামী লীগ থেকে মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদী?

বোরহান উদ্দিন: বাংলাদেশ আওয়ামী লীগ আমাকে বিগত নির্বাচনে মনোনয়ন দিয়েছিল। সেখানে আমি জনগণের ভোটে নির্বাচিত হয়ে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছি। আমার উপর অর্পিত দায়িত্ব আমি সুন্দর ও সুষ্ঠভাবে পালন করেছি। আপনারা জানেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্বও বাংলাদেশ আওয়ামী লীগ আমাকে দিয়েছে। এখানেও আমি দায়িত্বশীলতার পরিচয় দিয়ে কাজ করে যাচ্ছি। সেক্ষেত্রে আমার বিশ্বাস আমি সততার পুরষ্কার পাবো। দলীয় সমর্থন নিয়ে আবার নির্বাচনে অংশ নিতে চাই।

মেহেরপুর প্রতিদিন: বিগত নির্বাচনে জনগনের প্রতি আপনার কোন প্রতিশ্রুতি ছিল কি না? থাকলে সেটা কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন?

বোরহান উদ্দিন: বিগত নির্বাচনে আমার জনগণের প্রতি তেমন একটা প্রতিশ্রুতি ছিল না। তবে চেয়ারম্যান হিসেবে আমার যতটুকু দায়িত্ব পালন করার কথা সেটা আমি শতভাগ পালন করেছি। আমার ইউনিয়নের সকল ক্ষেত্রে অবকাঠামোগত যে উন্নয়ন হয়েছে সেটা অন্য ইউনিয়নে হয়েছে কি না আমার জানা নেই। আমার ইউনিয়নের যুবসমাজের জন্য খেলার মাঠটি দৃষ্টি নন্দন করেছি। একটি অত্যাধুনিক পাবলিক ক্লাব করা হয়েছে। যে

একটি সুন্দর ব্যামাগার আছে যা মেহেরপুর জেলার ভিতর নেই। সেই সাথে এই ক্লাবে এলাকার বেকার যুবকদেও স্বাবলম্বি করার জন্য কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়।

মেহেরপুর প্রতিদিন: ইতোমধ্যে আমঝুপি ইউনিয়নকে ভেঙে শ্যামপুর নামের আরও একটি ইউনিয়ন করা হয়েছে। আগামী নির্বাচনে এর কেমন প্রভাব পড়বে?

বোরহান উদ্দিন: আপনারা জানেন আমঝুপি ইউনিয়ন খুলনা বিভাগের মধ্যে সব থেকে বড় একটি ইউনিয়ন ছিল। এটি ভেঙে দুইটি করা হয়েছে। স্থানীয় সরকারের সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে নতুন ইউনিয়ন পরিষদ তৈরি হবে, নতুন জনপ্রতিনিধি তৈরি হবে। সেক্ষেত্রে সেবার মান আরও বৃদ্ধি পাবে।

মেহেরপুর প্রতিদিন: আগামী নির্বাচনে বিএনপি অংশ গ্রহন করার ঘোষণা দিয়েছে। একই সাথে সুষ্ঠ নির্বাচন হবে কিনা এ নিয়ে সন্দেহ প্রকাশ করেছে। আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন হবে?

বোরহান উদ্দিন: বিগত নির্বাচনেও বিএনপি অংশ নিয়েছিল, এবং সুষ্ঠ পরিবেশে ভোট হয়েছিল। আগামী নির্বাচনেও সুষ্ঠ ও সুন্দর পরিবেশে ভোট হবে বলে আমি মনে করি। বিশেষ করে আমার আমঝুপি ইউনিয়নে জনগণ উৎসব মুখর পরিবেশে ভোট দিয়ে তাদের পছন্দের প্রার্থীকে নির্বাচিত করতে পারবে ইনশাল্লাহ।

মেহেরপুর কামদেরপুরে নাইট ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর ছাত্র উন্নয়ন সংঘের বর্ষর্পূর্তি উপলক্ষে নাইট ফুটবল টুর্নামেন্ট ফাইনালায় শক্তি সংঘ শিশু ক্লাব ০৩-০ গোলে শিশু কিশোর ক্লাব একাদশকে পরাজিত করে।

শুক্রবার রাত ১০টার দিকে কামদেবপুর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত

হয়। পুরস্কার বিতরনী অনুষ্ঠানে জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

অনুষ্ঠানে বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদস্য মাহাবুব হাসান ডালিম, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা প্রমূখ।

এসময় উপস্তিত ছিলেন জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোহাম্মদ খান, উপশিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক হৃদয় খান, জেলা ছাত্রলীগের সদস্য সাব্বির, রাজু, ঈমান, আনোয়ার, আলমগীর কলেজ শাখা ছাত্রলীগের সাবেক শিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক রানা, সাবেক উপ প্রচারসম্পাদক ইয়াসির আরাফাত ফাহিম, খেলা কমিটির মান্নান আলী, ভুলা, রাশেদ, রফিকুল ইসলাম, রনি, জাহিদ হাসান, মুজাহিদসহ সকল সদস্যরা।

এই নাইট ফুটবল ফাইনাল টুর্নামেন্টে সেরা গোলদাতা মুন্না। ৬টি দল নিয়ে খেলাটি অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা শাখার আয়োজনে আলোচনা সভা ও কেক কাটা হয়।

শুক্রবার রাত ৯ টায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের কার্যালয়ে প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সহ সভাপতি তরুণ আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ

হোসেন মৃদুল।

বিশেষ অতিথি ছিলেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সাবেক ছাত্রনেতা আমিনুল ইসলাম খোকন।

জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের সাধারন সম্পাদক তারিকুল ইসলাম রাজিরের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন জয়বাংলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মিঠুন, জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা রাজু আহমেদ লিটিল মাহবুব জামান সোহাগ, সদস্য সবুজ আহমেদ, সদর উপজেলা আহবায়ক সুজাউদ্দিন সুজন, যুগ্ম আহ্বায়ক মনিরুল ইসলাম মনি,আব্দুর রহিম, সজীব ওয়াজেদ জয় পরিষদের মেহেরপুর জেলা শাখার আহবায়ক সাইফুল ইসলাম, সদস্য সজীব, সূচল প্রমূখ।

গাংনীর বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষ রোপণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষরোপন কর্মসূচী পালন করেছে পৌর কৃষক লীগ।

শুক্রবার বিকালে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

এসময় তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের কোন বিকল্প । একটি করে ফলদ, বনজ ও ভেষজ গাছ লাগানোর পরামর্শ দিয়ে তিনি বলেন, ভবিষ্যত প্রজন্মকে বাসযোগ্য করে তোলার জন্য কৃষকলীগের নেতা কর্মীরা বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছে।

তিনি আরো বলেন, মুজিববর্ষের আহবান তিনটি করে গাছ লাগান এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুর জেলা কৃষকলীগের উদ্যোগে রাস্তার পার্শে, কবরস্থান ও পতিত জমিতে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করছে।

পৌর কৃষকলীগের সভাপতি ও পৌর কাউন্সিলর বদরুল আলম বুদুর সভাপতিত্বে অন্যান্য’র মধ্যে বৃক্ষ রোপন কর্মসূচীতে অংশ নেন গাংনী শহর আওয়ামীলীগের সহ সভাপতি ও পৌর কাউন্সিলর নবীর উদ্দীন,বামুন্দী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবাইদুর রহমান কমল, ২নং ওয়ার্ডের পৌর কাউন্সিলর মিজানুর রহমান মিজান, পৌর কাউন্সিলর ফিরোজা খাতুন,কাউন্সিলর মিজানুর রহমান মদন, উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক কমরেড আব্দুস সাত্তার,সাবেক ছাত্রনেতা জামিরুল ইসলাম টিক্কা,কৃষকলীগনেতা সভাপতি মুনশাদ আলী, হাসেম আলী, আব্দুস সালাম। এ সময় বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন ২জনসহ মোট আক্রান্ত ৫৯৬

মেহেরপুরে নতুন করে আরো ২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে মেহেরপুর সদরে একজন এবং মুজিবনগরে একজন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৯৬ জনে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৮ টি রিপোটের মধ্যে ২ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৯১৮ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৩৩ জন । এর মধ্যে সদরে-৯, গাংনীতে- ১৮, মুজিবনগরে- ৬ জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৯৯ জন । এদের মধ্যে সদরে-২৬১, গাংনী -১৭৮, মুজিবনগর- ৪৯জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪৬ জনকে। ভিন্ন ভাবে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের নতুন পাড়ার

খাদিজা খাতুন এবং মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের ইসমাইল হোসেন।

মেহেরপুরে কচুর বস্তুার ভিতর থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলা কায়ুমকাটা রোড থেকে ৮ টি কচুর বস্তার ভিতরে ৬৭ বতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার দুপুরে সদর থানার এস আই শরিফ হাবিব এর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

এসময় তিনি বলেন আমাদের কাছে সংবাদ আসে মেহেরপুর সদর গাংনী উপজেলার শাহারবাটি গ্রাম থেকে আলগামনে ৮ বস্তা কচুর ভিতরে ফেন্সিডিল মেহেরপুরে আসছে। তারই সুত্র ধরে আমরা কায়ুমকাটা রাস্তার ভিতরে কচু বোঝায় গাড়িটা আটকায় এবং সেখান থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

এসময় তিনি আরও বলেন ঘটনা স্থলে আলগামন চালক মানিক (২৬) কে জিজ্ঞাসা করার জন্য থানায় নেওয়া হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই ওবাইদুর রহমান, এ এস আই আব্দুল মালেক, এ এস আই মিরাজুল ইসলাম,ও বৈকন্ঠপুর ক্যাম্পের এ এস আই মাসুদ রানা প্রমুখ।

ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের

সদস্য পদে উপ নির্বাচন ২০ অক্টোবর

মেহেরপুরের গাংনীর ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের তফশিল ঘোষনা করা হয়েছে। ইউপি সদস্য জাফর হোসেনের মৃত্যুতে গত সোমবার নির্বাচন কমিশন এ তফশিল ঘোষনা করেন।

তফশিল অনুযায়ী আগামি ২০ অক্টোবর নির্বাচন অনুষ্ঠিত হবে। গত মঙ্গলবার রিটার্নিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ এ সংক্রান্ত একটি গণ-বিজ্ঞপ্তি জারি করেছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়ন পত্র দাখিলের শেষ সময় ২৩ সেপ্টেম্বর, যাচাই বাছাই ২৬ সেপ্টেম্বর, প্রার্থীতা প্রত্যাহার ৩রা অক্টোবর ও ভোট গ্রহন ২০ অক্টোবর।

এ দিকে নির্বাচনকে কেন্দ্র করে ২ নং ওয়ার্ড জুগিন্দা গ্রামে উত্তেজনা শুরু হয়েছে। উত্তেজনা প্রশোমন করা না গেলে যে কোন সময় বড় ধরনের সহিংসতা আশংখা করছে এলাকাবাসি।

নির্বাচন অফিসার আব্দুল আজিজ বলেন,কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, জুগিন্দা গ্রামে ইতোপূর্বে কয়েক দফা সংঘর্ষের ঘটনা ঘটেছে। সেই ঘটনা মামলা চলমান রয়েছে।

রাজনৈতিক কোন্দল ও নির্বাচন কে কেন্দ্র করে ইতো মধ্যে কিছুটা উত্তেজনা দেয়া দিয়েছে। তবে সহিংসতা রোধে পুলিশ সতর্ক রয়েছে। তবে নতুন করে কেউ সংঘর্ষের চেষ্টা করলে কাউকেই ছাড় দেয়া হবেনা।

গাংনীর রায়পুর ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ

মেহেরপুরের গাংনীর রায়পুর ইউপি ৩ নং ওয়ার্ডের সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২ টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বাদী বিবাদী ও সাক্ষীদের উপস্থিতিতে তদন্ত করেন সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা।

তদন্তকে কেন্দ্র করে সহিংশতার আশংখায় ইউপি কার্যালয়ে পুলিশ মোতায়েন করা হয়। তদন্ত কর্মকর্তা ও সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা বলেন, ঝোড়পাড়া গ্রামের ৫জন নারী পুরুষ ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে বয়স্ক ও প্রতিবন্ধী ভাতার ১ হাজার টাকা করে হাতিয়ে নেয়া হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেন।

অভিযোগটি তদন্ত করতে আমাকে নির্দেশনা দেয়া হলে বিষয়টি তদন্ত করা হয়। তিনি বলেন,বাদী বিবাদী ও ইউপি চেয়ারম্যান সহ গ্রামের কয়েকজনের বক্তব্য নেয়া হয়েছে। আগামি সপ্তাহে উপজেলা নির্বাহী অফিসারের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করা হবে। সততা ও ন্যায় নিষ্ঠার সাথে তদন্ত করা হয়েছে।

ইউপি সদস্য বলেন, অভিযোগকারী ৫ জনের মধ্যে জামাল হোসেন, আকলিমা খাতুন ও রেজিয়া খাতুন তাদের অভিযোগ প্রত্যাহার করে লিখিত দিয়েছেন।

এছাড়া এ ওয়ার্ডের আরো অন্তত ৩০ জন বিভিন্ন ভাতাভোগী রয়েছেন তারা কেউ অভিযোগ করেনি। যে দুএকজন অভিযোগ করেছে সে অভিযোগ মিথ্যা। একটি মামলাকে কেন্দ্র করে ফায়দা লুটতে ও রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে ব্যার্থ হয়ে বিগত নির্বাচনে যারা পরাজিত হয়েছিলেন তারা কয়েকজনকে সাথে নিয়ে ষড়যন্ত্রের মাধ্যমে অপরাজনীতি শুরু করেছে। আসন্ন ইউপি নির্বাচনকে কেন্দ্র করে মিথ্যাচারে লিপ্ত হয়েছে। মিথ্যাচারের জবাব জনগন অবশ্যই ব্যালটের মাধ্যমেই দেবে।

তবে অভিযোগকারীরা বলেন অভিযোগ দিয়েছি সঠিক তদন্ত করা হলে সত্য বের হয়ে আসবে। রায়পুর ইউপি চেয়ারম্যার গোলাম সাকলায়েন সেপু বলেন,যেহেতু বিষয়টি তদন্তাধীন তাই এ বিষয়ে মন্তব্য করা উচিত হবেনা। তবে তদন্তের মাধ্যমে সঠিক বিষয়টা উঠে আসবে বলে মন্তব্য

করেন তিনি।

এলাঙ্গী পুলিশ ক্যাম্পেরা ইনচার্জ জানান,তদন্ত চলাকালে কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য কর্তৃপক্ষের নির্দেশে তদন্ত শুরু হওয়ার পূর্ব থেকেই পুলিশ মোতায়েন করা হয়েছিলো। শেষ পর্যন্ত সংঘর্ষ ছাড়াই শান্তিপূর্ন ভাবে তদন্ত শেষ হয়েছে।

গাংনীতে বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত

অঞ্জলি, পূজা-অর্চনা প্রসাদ বিতরণের মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলা পূজা মন্দিরে বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়।

পরে বিভিন্ন জুয়েলারি ব্যবসা প্রতিষ্ঠানে নিজ নিজ উদ্যোগে বিশ্বকর্মা পূজা করা হয়। দুপুরের দিক থেকে অঞ্জলি প্রদান ও পূজা অর্চনার মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু হয়।

এ সময় ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। ব্যবসায় উন্নয়নের লক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের যুবকরা প্রতিবছরই বিশ্বকর্মা পূজার আয়োজন করে থাকে। পূজা অনুষ্ঠানে পুরোহিত হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামের শ্রী উত্তম কুমার চক্রবর্তী।

এ সময় উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক সুশান্ত কুমার পাত্র, সহ-সভাপতি সুশান্ত কুমার হালদার সহ কল্লোল পাত্র, প্রদীপ কুমার, প্রকাশ কুমার, শুভ কুমার, শ্যামল কুমার, আরাধন, সুমন ও সঞ্জয় উপস্থিত ছিলেন।